

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ  
www.bangladeshbank.org.bd

বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

০৭ অগ্রহায়ণ, ১৪২০ বাংলা

ডিএফআইএম সার্কুলার নং- ০৭/২০১৩

তারিখঃ-

২১ নভেম্বর, ২০১৩ খ্রিঃ

প্রধান নির্বাহী/ ব্যবস্থাপনা পরিচালক  
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়গণ,

**সরকার কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল (National Integrity Strategy) বাস্তবায়ন প্রসঙ্গে।**

সম্প্রতি সরকার কর্তৃক “জাতীয় শুদ্ধাচার কৌশলপত্র” প্রণয়ন করা হয়েছে। এ কৌশলপত্রটির রূপকল্প হলো সুখী-সমৃদ্ধ, দুর্নীতিমুক্ত বাংলাদেশ গড়ার লক্ষ্যে রাষ্ট্র, এর প্রতিষ্ঠানসমূহ ও সমাজের সর্বস্তরে সুশাসন প্রতিষ্ঠা করা। বাংলাদেশ ব্যাংকসহ অর্থ মন্ত্রণালয়ের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থায় এ কৌশলপত্রটি বাস্তবায়নের বিষয়ে সরকারের নির্দেশনা রয়েছে। বাংলাদেশ ব্যাংকে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে জনাব নাজনীন সুলতানা, ডেপুটি গভর্নরকে সভাপতি করে এ সংক্রান্ত নৈতিকতা কমিটি গঠন করা হয়েছে। আপনাদের আর্থিক প্রতিষ্ঠানে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে উক্ত কমিটি কর্তৃক ইতোমধ্যে দিক- নির্দেশনা প্রদান করা হয়েছে।

এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংকের নৈতিকতা কমিটিকে এ সংক্রান্ত সার্বিক সহযোগিতা প্রদানের জন্য আপনাদেরকে অনুরোধ করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ শাহ আলম)  
মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০১৭৮